গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
(এপিএ সেল)
www.rdcd.gov.bd

০১ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ।
স্মারক নং : ৪৭.০০.০০০০.০৪৬.০৫.০১০.১৯.১৩ তারিখ : ......................................
১৫ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ।

বিষয় : পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা সমূহের ২০১৯-২০ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর/১৯)-এর অর্জন সমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সদয় জানানো যাচ্ছে যে, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থা সমূহের ২০১৯-২০ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর/১৯)-এর অর্জন সমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত বাজেট ব্যবস্থাপনা কমিটির সভা গত ১২/০১/২০২০ তারিখে অনুষ্ঠিত হয়েছে।

এমতাবস্থায়, বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি : ০৪. পাতা;

১৫/০১/২০২০
(নাহরিন সুলতানা)
সহকারী সচিব
ফোন: ৯৫৭৫৫৭০

সচিব (সমন্বয় ও সংস্কার)
মন্ত্রিপরিষদ বিভাগ
(দৃ: আ: রওশন আরা লাবনী, সিনিয়র সহকারী সচিব
কর্মসম্পাদন ব্যবস্থাপনা (মূল্যায়ন) শাখা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

০১। প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
০২। সচিবের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (সচিব মহোদয়র সদয় অবগতির জন্য)।
০৩। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। (ওয়েবসাইটে আপলোডের জন্য অনুরোধ করা হলো)।
০৪। অতিরিক্ত সচিব (প্রতিষ্ঠান)-এঁর ব্যক্তিগত কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
০৫। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
এপিএ সেল

বিষয়: পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা সমূহের ২০১৯-২০ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর/১৯)-এর অর্জন সমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ রেজাউল আহসান, |
| তারিখ | : | ১২/ ০১/২০২০ খ্রিঃ। |
| সময় | : | ১১.০০ ঘটিকা। |
| সভার স্থান | : | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মেলন কক্ষ। |

০২। সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট ‘ক’ তে দেয়া হলো।

০৩। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর তিনি অতিরিক্ত সচিব, (প্রতিষ্ঠান) ও এপিএ টিম প্রধান জনাব মো: আফজাল হোসেন-কে সভার বিষয়বস্তু উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

আলোচনা:

মো: আফজাল হোসেন, অতিরিক্ত সচিব, এপিএ-টিম প্রধান এ বিভাগ ও অধিনস্থ সকল দপ্তর/সংস্থার ২০১৯-২০ অর্থ বছরের ২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর) অর্জন প্রতিবেদন বিষয়ে সূচক সমূহ নিয়ে আলোচনা করেন। এ বিভাগের যে সমস্ত কৌশলগত উদ্দেশ্য সমূহের সংশ্লিষ্ট সূচকে অর্জন ৪০% এর নিচে রয়েছে তা নিম্নবর্ণিত ছকে উল্লেখ করা হলো:

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

| এ পি এ ২০১৯-২০ এর নির্দেশকসমূহ | একক | কর্মসম্পাদন সূচকের মান | লক্ষ্যমাত্রা | অর্জন | অর্জনের হার | এ পি এ ২০১৯-২০ এর নির্দেশকসমূহ |
|---|---|---|---|---|---|---|
| [১.৭.১] | সংগ্রহীত তরল দুধ | লক্ষ (লিটার) | ১ | ৫০৫ | ৮৯.৪২ | ১৭.৭০ |
| [১.৭.২] | বাজারজাতকৃত তরলদুধ | লক্ষ (লিটার) | ১ | ৪৪০ | ৭৯.১৯ | ১৭.৯৯ |
| [১.৯.১] | আমার বাড়ি আমার খামার প্রকল্পের আর্থিক অগ্রগতি পর্যালোচনা | % | ১ | ৩৭ | ০৭ | ১৯ |
| [২.২.১] | সম্পাদিত প্রায়োগিক গবেষণা | সংখ্যা | ৪ | ২২ | ৩ | ১৩.৬৩ |
| [২.৩.১] | প্রকাশিত গবেষণা ও প্রায়োগিক গবেষণার ফলাফল | সংখ্যা | ৪ | ৩২ | ১ | ৩.১২৫ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| [২.৪.২] | দ্বি-স্তর বিশিষ্ট কৃষি প্রযুক্তি সম্প্রসারণ | একক | ২ | ১০৫ | - | ০ |
| [৩.৩.২] | রংপুরে পল্লী উন্নয়ন একাডেমীর অবকাঠামো নির্মাণ কাজের অগ্রগতি | % | ১ | ৯৫ | ০.৫৬ | ০.৫৮ |
| [৩.৩.৩] | পল্লী উন্নয়ন একাডেমীর অবকাঠামো নির্মাণ কার্যক্রম পরিদর্শন ও তদারকিকরণ। | সংখ্যা | ১ | ৮ | ০১ | ১২.৫০ |
| [৪.১.১] | ফলজ বৃক্ষরোপণ | সংখ্যা | ১ | ১০০০০০ | - | ৩৫.৫১ |
| [৪.১.২] | বনজ বৃক্ষরোপণ | সংখ্যা | ১ | ৫০০০০ | ১০০ | ০.২ |

কৌশলগত উদ্দেশ্য সমূহের সংশ্লিষ্ট সূচকের লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যে সকল দপ্তর/সংস্থার অবদান কাঙ্খিত পর্যায়ের চেয়ে নিম্নে রয়েছে তা নিম্নে উল্লেখ করা হলো :-

**সমবায় অধিদপ্তর:**

| এ পি এ ২০১৯-২০ এর নির্দেশকসমূহ | | একক | লক্ষ্যমাত্রা | অর্জন | অর্জনের হার |
|---|---|---|---|---|---|
| [২.৩.২] | আয়োজিত সেমিনার, কর্মশালা [১.৩.১] | সংখ্যা | ৩২ | ১০ | ৩৪.৩৮ |
| [৩.১.১] | উদ্বুদ্ধকরণমূলক প্রশিক্ষণ গ্রহণকারী [১.৬.১] | জন (লক্ষ) | .০৪৫ | .০১৪২৫ | ৩৬.২৯ |

**বার্ড:**

| এ পি এ ২০১৯-২০ এর নির্দেশকসমূহ | | একক | লক্ষ্যমাত্রা | অর্জন | অর্জনের হার |
|---|---|---|---|---|---|
| [২.৩.১] | প্রকাশিত গবেষণা ও প্রায়োগিক গবেষণার ফলাফল (২.২.১) | সংখ্যা | ৬ | ১ | ৩৩.৩৩ |
| [৪.১.২] | বনজ বৃক্ষরোপণ | সংখ্যা | ২০০০০ | - | ০ |

**আরডিএ**

| এ পি এ ২০১৯-২০ এর নির্দেশকসমূহ | | একক | লক্ষ্যমাত্রা | অর্জন | অর্জনের হার |
|---|---|---|---|---|---|
| [১.২.১] | বিতরণকৃত ঋণের পরিমান (২.৬.৩) | টাকা (কোটি) | ১৪.২৫ | ২.৯৩ | ৩৮.৬০ |
| [১.৪.১] | আত্ম-কর্মসংস্থান সৃজিত উপকার ভোগীর সংখ্যা (২.৬.১) | জন (লক্ষ) | ০.০১৯৫ | .০০৩১৫১ | ৩০.৭৭ |
| [২.১.১] | সম্পাদিত গবেষণা (২.১.১) | সংখ্যা | ২০ | ৮ | ১৬ |
| [২.২.১] | সম্পাদিত প্রায়োগিক গবেষণা (২.১.২) | সংখ্যা | ১৭ | ২ | ৪ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| [২.৩.১] | প্রকাশিত গবেষণা ও প্রায়োগিক গবেষণার ফলাফল (২.৫.১) | সংখ্যা | ২৫ | ১০ | ২০ |
| [২.৩.২] | আয়োজিত সেমিনার কর্মশালা | সংখ্যা | ২১ | ৭ | ২৪ |
| [২.৪.২] | সম্প্রসারিত দ্বি-স্তরবিশিষ্ট কৃষি প্রযুক্তি (২.২.২) | একর | ১০৫ | ৪০ | ৩৮.০৯ |
| [৩.১.২] | আয়বর্ধনমূলক প্রশিক্ষণ গ্রহণকারী (১.১.১+১.১.৫) | জন (লক্ষ) | .০৫৫ | .০০১২৬৩ | ২৬.২২ |
| [৩.৩.১] | জামালপুর পল্লী উন্নয়নএকাডেমীর অবকাঠামো নির্মাণ কাজের অগ্রগতি (২.৩.২) | % | ১০০ | ৩৮.৫৩ | ৩৮.৫৩ |
| [৩.৩.২] | রংপুর পল্লী উন্নয়নএকাডেমীর অবকাঠামো নির্মাণ কাজের অগ্রগতি (২.৪.২) | % | ১০০ | ২১.৯১ | ২১.৯১ |
| [৪.১.১] | ফলজ বৃক্ষরোপণ | সংখ্যা | ৪০০০০ | - | ৩৭.৫০ |
| [৪.১.২] | বনজ বৃক্ষরোপণ | সংখ্যা | ২০০০০ | - | ০ |

বাপার্ড:

| এ পি এ ২০১ ৯-২০ এর নির্দেশকসমূহ | | একক | লক্ষ্যমাত্রা | অর্জন | অর্জনের হার |
|---|---|---|---|---|---|
| [২.৩.১] | প্রকাশিত গবেষণা ও প্রায়োগিক গবেষণার ফলাফল (৩.২.১) | সংখ্যা | ১ | - | ৩৮.৪৪ |
| [৩.১.১] | উদ্বুদ্ধকরণমূলক প্রশিক্ষণ গ্রহণকারী (১.১.২) | জন (লক্ষ) | .০০৩২ | .০০১২৩ | ৩৮.৪৪ |
| [৩.২.১] | প্রশিক্ষণ গ্রহণকারী কর্মকর্তা, জনপ্রতিনিধি এবং এনজিও কর্মী (১.২.১) | জন | ৪৫০ | ৯৪ | ৩৮.৬৬ |
| [৪.১.১] | ফলজ বৃক্ষরোপণ | সংখ্যা | ২০০০০ | - | ১.৩০ |
| [৪.১.২] | বনজ বৃক্ষরোপণ | সংখ্যা | ১০০০০ | - | ১.০০ |

মিল্কভিটা:

| এ পি এ ২০১৯-২০ এর নির্দেশকসমূহ | | একক | লক্ষ্যমাত্রা | অর্জন | অর্জনের হার |
|---|---|---|---|---|---|
| ১.২.১ | বিতরণকৃত ঋণের পরিমাণ (১.৪.১+১.৪.২) | টাকা (কোটি) | ৩৭.০৫ | ০.৫২৬ | ৪.৮৭ |
| ১.৭.১ | সংগৃহীত তরল দুধ (১.১.১) | লক্ষ (লিটার) | ৫০৫ | ১.১৪ | ৩৭.৭৩ |
| ১.৭.২ | বাজারজাতকৃত তরল দুধ(২.১.১) | লক্ষ (লিটার) | ৪৪০ | ৭৭.১০ | ৩৫.৫২ |

পিডিবিএফ

| এ পি এ ২০১৯-২০ এর নির্দেশকসমূহ | | একক | লক্ষ্যমাত্রা | অর্জন | অর্জনের হার |
|---|---|---|---|---|---|
| ৩.১.১ | উদ্বুদ্ধকরণমূলক প্রশিক্ষণ গ্রহণকারী (২.১.১) | জন (লক্ষ) | ০.১৭২ | ০.০৩০৭১ | ৩৫.৮৪ |
| ৩.১.২ | আয়বর্ধনমূলক প্রশিক্ষণ গ্রহণকারী (২.১.২) | জন (লক্ষ) | ০.০৮ | .০১৬২৫ | ২৪.৩৭৫ |

০৪। <u>বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয় :</u>

ক) যে সকল দপ্তর/সংস্থা বিভিন্ন সূচকে লক্ষ্যমাত্রার ৪০% এর নিচে অর্জন করেছে সে সকল দপ্তর/সংস্থার নিকট কাঙ্খিত মাত্রার লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থতার কারনে ০৭(সাত) কর্ম দিবসের মধ্যে ব্যাখ্যা চাওয়া হবে।

খ) কৌশলগত উদ্দেশ্যের যে সকল সূচকে ২য় কোয়ার্টারের অর্জন লক্ষ্যমাত্রায় ৪০% এর নিচে রয়েছে সে সকল সূচকের ক্ষেত্রে সংশ্লিষ্ট সংস্থাকে জরুরী কার্যক্রম গ্রহণের মাধ্যমে ২য় কোয়ার্টারের ঘাটতি পূরণসহ ৩য় কোয়ার্টার পর্যন্ত লক্ষ্যমাত্রা অন্তত ৭৫% অর্জন দেখাতে হবে। এ জন্য চলতি মাস হতেই প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

গ) বিভিন্ন সূচকে অর্জনের স্বপক্ষে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাকে ০৩(তিন) কর্ম দিবসের মধ্যে যাবতীয় প্রমানক দাখিল করতে হবে।

ঘ) এ বিভাগের কৌশলগত উদ্দেশ্যের নির্দেশক সমূহে উল্লেখিত পরিশর্ন প্রতিবেদন দাখিলের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের মধ্যে যে সকল কর্মকর্তা ২য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী পরিদর্শন প্রতিবেদন দাখিল করতে ব্যর্থ হয়েছেন সে সকল কর্মকর্তা ২য় কোয়ার্টারের ঘাটতিসহ পরবর্তী কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

ঙ) ২০১৯-২০ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের বিভিন্ন সূচকে যে সকল দপ্তর/সংস্থা ২য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা পূরণে ব্যর্থ হয়েছে তাদেরকে ২য় কোয়ার্টারের ঘাটতিসহ ৩য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা পূরণ করতে হবে। এজন্য চলতি মাস হতেই জরুরী কার্যক্রম গ্রহণ করতে হবে।

৫। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩/১/2020

(মোঃ রেজাউল আহসান)
সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ